


জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নতুন ৬টি হলের উদ্বোধন

জাবি প্রতিনিধি

১৪ নভেম্বর ২০২৩, ০৫:৪১ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ছয়টি আবাসিক হলের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী

অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) নতুন ছয়টি আবাসিক হল এবং ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ মঙ্গলবার সকাল ১০টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এসব স্থাপনার উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

এ সময় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে যুক্ত হন উপাচার্য অধ্যাপক ড. নূরুল আলম, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোস্তফা ফিরোজসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তন থেকে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে নতুন প্রশাসনিক ভবনের সামনে গিয়ে শেষ হয়।

উপাচার্য অধ্যাপক ড. নূরুল আলম বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা অধিকতর উন্নয়নের জন্য প্রায় ১৪৫০ কোটি টাকা বরাদ্দ দিয়েছিলেন। সেই প্রকল্পের প্রথম ধাপে শিক্ষার্থীদের আবাসন সংকটকে প্রায়োরিটি দিয়ে আমরা ৬টি হল নির্মাণ করেছি। প্রকল্পের দ্বিতীয় ধাপের কাজ চলমান

রয়েছে। বিশেষ করে শেখ রাসেল হল ও শেখ কামাল স্পোর্টস কমপ্লেক্সের নামকরণের অনুমোদনও দিয়েছেন প্রধানমন্ত্রী।’

এর আগে, গত ১১ আগস্ট নবনির্মিত ছয়টি হলের নামকরণ করা হয়। ছাত্রীদের তিনটি হলের মধ্যে ১৭ নম্বর হলের নাম বেগম রোকেয়া হল, ১৮ নম্বর হলের নাম ফজিলাতুল্লাহা হল ও ১৯ নম্বর হলের নাম বীরপ্রতীক তারামন বিবি হল নামকরণ করা হয়েছে। আর ছাত্রদের তিনটি হলের মধ্যে ২০ নম্বর হলের নাম শহীদ তাজউদ্দীন আহমদ হল, ২১ নম্বর হলের নাম শেখ রাসেল হল ও ২২ নম্বর হলের নাম কাজী নজরুল ইসলাম হল হিসেবে নামকরণ করা হয়েছে।

উল্লেখ্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে একটি মডেল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের লক্ষ্যে ২০১৮ সালের ২৩ অক্টোবর একনেকে ১ হাজার ৪৪৫ কোটি টাকার প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এই অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২৩টি স্থাপনা তৈরি হবে। ইতোমধ্যে ছয়টি আবাসিক হলের নির্মাণ কাজ শেষ হয়েছে।